(২)

সরাসরিভাবে প্রত্যক্ষ করতে পারি না, ঐ সত্যগুলি প্রতিষ্ঠার জন্য কতকগুলি মধ্যবর্তী চিন্তা বা প্রমাণের প্রয়োজন হয় এবং সেক্ষেত্রে প্রমাণগুলি যদি স্বজ্ঞালব্ধ হয় তাহলেই কেবল প্রমাণিতব্য ঐ ধারণাটির সত্যতা প্রতিষ্ঠিত হতে পারে। [illegible] নীতি কেবলমাত্র প্রমাণমূলক জ্ঞান সম্বন্ধেই লক্ আলোচনা করেননি, এইভাবে লক্ মনে করেন যে ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে আমাদের জ্ঞানও প্রমাণমূলক,

ঈশ্বরের অস্তিত্ব প্রতিপাদন সম্পর্কে লক্-এর যুক্তিটি হল— আমার অস্তিত্ব প্রতিষ্ঠার প্রসঙ্গে লক্ বলেন,- স্বজ্ঞামূলকজ্ঞান থেকে আমি নিশ্চিতভাবে জানতে পারি যে অন্ততপক্ষে আমার অস্তিত্ব আছে, আমি এটাও জানি যে, আমার অস্তিত্ব অনাদি নয়, তার আদি বা সূচনা আছে। যদি বস্তু কখনো স্বয়ংভূ হতে পারে না, তবে সূচনা বা উৎপত্তির মূলে অবশ্যই কোন স্বয়ংভূ অনাদি সত্তা আছে এবং সেই সত্তাই হল ঈশ্বর,

(৩) সংবেদনমূলক জ্ঞান (Sensitive Knowledge):- লক্ মনে করেন নিশ্চিতি বিবেচনায় স্বজ্ঞামূলকজ্ঞান প্রথম এবং প্রতিপাদক জ্ঞান দ্বিতীয় স্তরে এবং তৃতীয় ও শেষ স্তরে আছে সংবেদনমূলক জ্ঞান। সংবেদনমূলক জ্ঞান দ্বারা মনের বাহিরে যে জগৎ আছে তা সম্বন্ধে জ্ঞান লাভ করা যায়। ইন্দ্রিয় এবং বহির্বিশ্বের বস্তুর সঙ্গে সন্নিকর্ষের ফলে এই জ্ঞান সম্ভব হয়, ভারতীয় ন্যায় দর্শনে বলা হয়, "ইন্দ্রিয়ার্থ সন্নিকর্ষোৎপন্নম্ জ্ঞানম্ প্রত্যক্ষম্," লকের দর্শনে সংবেদনমূলক জ্ঞান ন্যায় দর্শনের প্রত্যক্ষ জ্ঞানের সঙ্গে কিছুটা মিল আছে। লক্ মনে করেন ইন্দ্রিয়দ্বারা বহির্বিশ্বের সংবেদন মনে সঞ্চিত হয়, সঞ্চিত সংবেদন হতে মন চিন্তা বা ধারণ করে। এবং বিভিন্ন চিন্তার মধ্যে সঙ্গতি বা অসঙ্গতির মাধ্যমে মনের বাহিরে বিশ্বের অস্তিত্ব সম্বন্ধে পরোক্ষ জ্ঞান হয়, এই জ্ঞানকে বলা হয় সংবেদনমূলক জ্ঞান। ইন্দ্রিয়হীন ব্যক্তির মনে সংবেদন আসতে পারে না, যেমন স্পর্শেন্দ্রিয়হীন ব্যক্তির কোন বস্তুর স্পর্শ সংবেদন থাকে না; একইভাবে দৃষ্টিহীন ব্যক্তির দৃষ্টি-সংবেদন থাকে না, স্পর্শেন্দ্রিয়হীন ব্যক্তি যেমন কোমলতা - কঠোরতার মধ্যে কোন পার্থক্য করতে পারে না, তেমনি দৃষ্টিহীন ব্যক্তি বিভিন্নবর্ণ বা রামধনুর রূপ হতে বঞ্চিত। [illegible] এথেকে প্রমাণ করা হয় যে ইন্দ্রিয় সংবেদন সৃষ্টি করতে পারে না, সংবেদনের জন্য প্রয়োজন বহির্বিশ্বের বস্তু, বলা যায় ইন্দ্রিয় সংবেদন পরিবহনের মাধ্যম এবং সংবেদনের জন্য প্রয়োজন ইন্দ্রিয়-বস্তুর সংযোগ। এ প্রসঙ্গে বলা যায় এক ইন্দ্রিয়ের